গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

জেলা কার্যালয়, পঞ্চগড়।

ই-মেইল-ifapancha@gmail.com

সিটিজেন চার্টার

ক্রম:	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী	সেবা প্রদানের পদ্ধিত (সংক্ষেপে)	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/বিধি/ নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তি প্রতিকারকারী কর্মকর্তা
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	ইমাম প্রশিক্ষণ কার্যক্রম ।	উপ-পরিচালক, সহকারী পরিচালক, অফিস সহকারী, জেলা কার্যালয়, পঞ্চগড়।	দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি জারি করার পর ইমাম সাহেবগণ জেলা কার্যারয়ের উপ-পরিচালকের বরাবরে আবেদনপত্র পেশ করেন। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হয়। নির্ধারিত তারিখে তাঁদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকারে যারা মনোনীত হন তাঁদের তালিকা নির্ধারিত ইমাম প্রশিক্ষণ একাডেমী কেন্দ্র প্রেরণ করা হয়। এখানে ইমামদের পুনরায় চুড়ান্তভাবে যাচাই করা হয়। মনোনীত ইমামদের প্রশিক্ষণের জন্য তালিকা প্রকাশ করা হয় এবং অমনোনীতদেরকে অবহিত করা হয়।	৮০দিন (দাপ্তরিক কার্যক্রম ৩৫দিন) ও প্রশিক্ষণ কার্যক্রম ৪৫দিন	বিনামূল্যে	ইসলামিক ফাউন্ডেশন আইন, ১৯৭৫	পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী, ঢাকা।
০২	মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।	উপ-পরিচালক, সহকারী পরিচালক, ফিল্ড অফিসার, মাস্টার ট্রেইনার, ফিল্ড সুপারভাইজার, জেলা কার্যালয়, পঞ্চগড়।	প্রতিবছর অক্টোবর মাসের মাঝামাঝি শিক্ষক ও কেন্দ্র বাছাই করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের পর একটি তালিকা প্রণয়ন করা হয়। শিক্ষক নির্বাচন করার জন্য পরীক্ষা গ্রহণ করা হয়। অত:পর তালিকা চুড়ান্ত করে অনুমোদিত তালিকা অনুসারে শিক্ষক নিয়োগ করা হয় এবং কেন্দ্র চুড়ান্ত করা হয়। ফিল্ড সুপারভাইজার প্রতিটি কেন্দ্রে একটি কমিটি গঠন করে দেন। উক্ত কমিটি মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম পরিচালনা কাজে সহযোগিতা করেন।	২ মাস ১৫ দিন	বিনামূল্যে	ইসলামিক ফাউন্ডেশন আইন, ১৯৭৫	১. প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।
০৩	ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট থেকে ঋণ/ আর্থিক সহায়তা প্রদান।	উপ-পরিচালক, অফিস সহকারী, জেলা কার্যালয়, পঞ্চগড়।	ট্রাস্টের আওতায় ঋণ ও অর্থিক সহায়তা প্রদান করার জন্য নির্ধারিত কোটা দিয়ে প্রধান কার্যালয় থেকে জেলা কার্যালয়ে পত্র প্রেরণ করার পর জেলা অফিস আবেদনপত্র আহ্বান ও যাচাই-বাছাই করা হয়। বাছাইকৃত আবেদনপত্র গুলো কমিটির নিকট উপস্থাপন করার পর চুড়ান্ত অনুমোদনের পর প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। প্রধান কার্যালয়ের অনুমোদন পাওয়ার পর গ্রাহকদেরকে ঋণ প্রদান করা হয়।	২৫ দিন	বিনামূল্যে	ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ ২০০১	পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী
০৪	যাকাত সংগ্রহ ও বিতরণ ।	উপ-পরিচালক, সহকারী পরিচালক, হিসাব রক্ষক, জেলা কার্যালয়, পঞ্চগড়।	যাকাত সংগ্রহ : রমজান মাসের শুরুতে প্রধান কার্যালয় থেকে জেলা যাকাত কমিটির জেলা প্রশাসক বরাবরে পত্র প্রেরণ করা হয়। জেলা যাকাত কমিটির সদস্য-সচিব, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক ও উপজেলা নির্বাহী অফিসার জেলার ধনীব্যক্তিদেরকে যাকাত প্রদানের জন্য প্রধান কার্যালয় থেকে প্রেরিত পত্রের বিষয়টি অবহিত ও উদ্বুদ্ধ করেন । উক্ত ব্যক্তিগণ পরবর্তীতে যাকাতের টাকা সরাসরি অথবা ব্যাংকে জমা প্রদান করতে পারেন। যাকাত বিতরণ : যাকাত গ্রহীতাদের আবেদনপত্র যাচাই-বাছাই করার জন্য তালিকা তৈরি করে কমিটির সভায় উপস্থাপন করা হয়। কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে চুড়ান্ত অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। অনুমোদন পাওয়ার পর যাকাত বিতরণ করা হয়।	৩ মাস	বিনামূল্যে	যাকাত ফান্ড অধ্যাদেশ, ১৯৮২	পরিচালক যাকাত বোর্ড, ঢাকা।
০৫	মসজিদ পাঠাগার স্থাপন ও পরিচালনা।	উপ-পরিচালক, সহকারী পরিচালক, অফিস সহকারী-১, জেলা কার্যালয়, পঞ্চগড়।	মসজিদ পাঠাগার স্থাপন করার জন্য মসজিদ কমিটির কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র গ্রহণ করা হয়। প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই সম্পন্ন হলে চুড়ান্ত তালিকা প্রস্তুত করে মার্চ মাসের মধ্যে সংশ্লিষ্ট পরিচালকের দপ্তরে প্রেরণ করা হয়। অনুমোদিত পাঠাগারের তালিকা ও অনুমোদিত পুস্তকসমূহ প্রধান কার্যালয় থেকে জেলা অফিসে প্রেরণ করা হয়। অত:পর জেলা অফিস থেকে সংশ্লিষ্ট মসজিদ পাঠাগার কমিটির নিকট পুস্তক গ্রহণ করা জন্য পত্র প্রেরণ করা হয়। নির্ধারিত তারিখে আলমারী ও পুস্তক প্রদান করা হয়।	৪ মাস (পাঠাগার স্থাপন কার্যক্রম শুরু হয় প্রতি বছর ডিসেম্বর মাসে)	বিনামূল্যে	প্রকল্পের নির্ধারিত নির্দেশনা মোতাবেক।	প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার প্রকল্প, ঢাকা।
০৬	বই বিক্রয় কার্যক্রম।	উপ-পরিচালক, অফিস সহকারী-১, জেলা কার্যালয়, পঞ্চগড়।	ইসলামিক ফাউন্ডেশন প্রকাশিত কুরআনুল করিমসহ প্রায় চার হাজার শিরোনামের পুস্তক অফিস চলাকালীন সময়ে বিক্রয় করা হয়।	১২ মাস	মুদ্রিত মূল্যের উপর নূন্যতম ২৫% কমিশন	ইসলামিক ফাউন্ডেশন-এর নির্দেশনা মোতাবেক	পরিচালক, প্রকাশনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
০৭	হজ নিবন্ধন কার্যক্রম	উপ-পরিচালক, অফিস সহকারী, জেলা কার্যালয়, পঞ্চগড়।	দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হয়। আবেদন গৃহীত হলে সরকার নির্ধারিত ব্যাংকে টাকা জমা করে নিবন্ধন সম্পন্ন হয়।	বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়কাল	বিনামূল্যে	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত নির্দেশনা মোতাবেক	পরিচালক, হজ্জ অফিস, ঢাকা।